JUSTICE AGENDA
NO TIME TO WAIT

অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 4/8/2019 **গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো**

গভর্নর কুওমো 2019 আঞ্চলিক সংখ্যালঘু ও নারীদের মালিকানাধীন ব্যবসা উদ্যোগ (MINORITY AND WOMEN OWNED BUSINESS ENTERPRISES, MWBEs) সুযোগ-সুবিধা এক্সপো সিরিজের উদ্বোধন ঘোষণা করেছেন

এক্সপো-গুলো যেসব সংখ্যালঘু ও নারীদের মালিকানাধীন ব্যবসা স্টেটের ঠিকাদারির জন্য প্রতিযোগিতা করে তাদের বিভিন্ন তথ্য ও সহায়তা প্রদান করবে

অনুষ্ঠানগুলো নিউইয়র্ক সিটি, সেন্ট্রাল নিউইয়র্ক, ও পশ্চিম নিউইয়র্ক-এ অনুষ্ঠিত হবে

গভর্নর কুওমো আজ 2019 আঞ্চলিক আঞ্চলিক সংখ্যালঘু ও নারীদের মালিকানাধীন ব্যবসা উদ্যোগ (MWBEs) সুযোগ-সুবিধা এক্সপো সিরিজের উদ্বোধন ঘোষণা করেছেন যা নিউইয়র্ক স্টেট সংস্থা, বিশেষজ্ঞ সুবিধা, স্টেটের প্রকল্পগুলোর তথ্য এবং স্টেটের বিভিন্ন সুযোগ-সুবিধা ব্যবহারের পদ্ধতিগুলোর সাথে MWBEs-কে সংযুক্ত করবে অনুষ্ঠানগুলো নিউইয়র্ক সিটি, সেন্ট্রাল নিউইয়র্ক, ও পশ্চিম নিউইয়র্ক-কর্তৃক আয়োজিত হবে

"স্টেটের ঠিকাদারিগুলোতে প্রতিযোগিতা করা, ব্যবসায়িক প্রবৃদ্ধি অর্জন ও সফলতার ক্ষেত্রে নিউইয়র্ক স্টেটের প্রতিটি উদ্যোক্তার সমান সুযোগ থাকা আবশ্যক", **গভর্নর কুওমো বলেন।** "দীর্ঘদিন ধরে, নারী ও অশ্বেতাঙ্গ লোকজন বিভিন্ন কাঠামোগত প্রতিবন্ধকতা মোকাবেলা করে আসছে, কিন্তু নিউইয়র্কের দেশের অগ্রগণ্য MWBE কর্মসূচিটি সমস্ত হিসেব বদলে দিয়েছে। 2019 আঞ্চলিক MWBE সুযোগ-সুবিধা এক্সপো সিরিজ MWBEs-গুলোকে সহায়তা ও এম্পায়ার স্টেট-এর সকলের জন্য অন্তর্ভুক্তিমূলক, বিকাশমান অর্থনীতি গড়ে তুলতে আমাদের সফল উদ্যোগগুলোকে জোরদার করবে।"

"নিজে কয়েকটি নারী-মালিকানাধীন ব্যবসা প্রতিষ্ঠান চালুতে সহায়তা করার অভিজ্ঞতা থেকে আমি জানি ব্যবসার মূলধন যোগাড়ের চ্যালেঞ্জগুলো এবং বিদ্যমান অন্যান্য প্রতিবন্ধকতাগুলো কী কী", **লেফ্টেন্যান্ট গভর্নর ক্যাথি হোচুল বলেন।** "বার্ষিক MWBE সুযোগ-সুবিধা এক্সপো বাধাগুলো অতিক্রম করে নারী ও সংখ্যালঘু সম্প্রদায়ের ব্যবসা প্রতিষ্ঠানগুলোকে পরবর্তী পর্যায়ে নিয়ে যাওয়ার জন্য সহায়তা করে। নিউইয়র্ক MWBEs-গুলোর প্রতি নজিরবিহীন অঙ্গীকার প্রদর্শনের মাধ্যমে সারাদেশকে পথপ্রদর্শন করছে, ওং দেশের বাকী সবার জন্য সর্বোচ্চ সীমারেখা নির্ধারণ করে দিচ্ছে, এবং স্টেট জুড়ে এ ধরনের উদ্যোগগুলোকে এগিয়ে নিচ্ছে।"

2019 নিউইয়র্ক স্টেট আঞ্চলিক MWBE সুযোগ-সুবিধা এক্সপো সিরিজটির অর্থায়ন করেছে এম্পায়ার স্টেট ডিভেলপমেন্ট (Empire State Development)-এর সংখ্যালঘু ও নারীদের ব্যবসার বিকাশ বিভাগ (Division of Minority and Women's Business Development) এবং স্টেটের স্থানীয় অংশীদারগণ; এক্সপোটিতে থাকবে প্যানেল আলোচনা, আঞ্চলিক প্রকল্পগুলোর তথ্য, নিউইয়র্ক স্টেটের MWBE সনদ ও ব্যবসা বিকাশ সংক্রান্ত বিভিন্ন কর্মশালা। এছাড়া এতে থাকবে নিউইয়র্ক স্টেট MWBE BOOT CAMP, যা MWBE-গুলোকে ক্ষুদ্র ব্যবসা উন্নয়ন কেন্দ্র (Small Business Development Centers)-এর মতো আঞ্চলিক কারিগারি সহায়তা উদ্যোগগুলোর সাথে সংযুক্ত করে দিবে, এবং বিভিন্ন গুরুত্বপূর্ণ ঠিকাদার, ক্রয় ও কারিগরি সহায়তা কেন্দ্রসমূহ (Procurement & Technical Assistance Centers), এবং উদ্যোক্তা সহায়তা কর্মসূচিগুলোর (Entrepreneurial Assistance Program) সাথে নেটওয়ার্কিংয়ের সুযোগ তৈরি করবে। এক্সপোটিতে এছাড়াও স্টেট-অর্থায়িত আর্থিক ও কারিগরি সহায়তা কর্মসূচিগুলোর তথ্য অন্তর্ভুক্ত থাকবে, যেমন ব্রিজ টু সাকসেস ঋণ কর্মসূচি ("Bridge to Success" Loan Program) এবং নিউইয়র্ক স্টেট সিকিউরিটি বন্ড সহায়তা কর্মসূচি (New York State Surety Bond Assistance Program)।

এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট (Empire State Development) এর প্রেসিডেন্ট, প্রধান নির্বাহী কর্মকর্তা এবং কমিশনার হাওয়ার্ড যেমস্কি বলেন, "প্রতিটি নিউইয়র্কবাসী যাতে এগিয়ে যাওয়ার সমান সুযোগ পায় সেটি নিশ্চিত করতে সংখ্যালঘু ও নারীদের মালিকানাধীন ব্যবসাগুলোকে সহায়তা করা গুরুত্বপূর্ণ - এবং এসব উদ্যোক্তার পক্ষে কাজ করার জন্য গভর্নর কুওমো'র চেয়ে বড় কেউ নেই। পাঁচ বছর পূর্বে, গভর্নর কুওমো দেশের সর্বোচ্চ MWBE ক্রয় লক্ষ্যমাত্রা নির্ধারণ করেছিলেন, এবং আজকে আমরা লক্ষ্যটির 30 ভাগ অর্জনের কাছাকাছি রয়েছি। আমি আশা করি স্টেটের বিভিন্ন প্রান্তের নিউইয়র্কবাসী এই এক্সপোগুলোতে অংশ নিবেন, সুলভ সুযোগ-সুবিধাগুলো সম্পর্কে অবগত হবেন, এবং এম্পায়ার স্টেট-এর বৈচিত্র্য তুলে ধরায় আমাদের সহায়তা করবেন।"

স্টেটের ঠিকাদারির কাজে MWBE প্রতিষ্ঠানগুলোর ব্যবহার বাড়ানো নিউইয়র্কের MWBE কর্মসূচি সফল হওয়ার ক্ষেত্রে প্রধান নিয়ামক। 2014 সালে গভর্নর কুওমো স্টেটের ঠিকাদারির কাজের 30 শতাংশ MWBE থেকে নেওয়ার লক্ষ্যমাত্রা নির্ধারণ করেন - যা সারাদেশের মধ্যে সর্বোচ্চ। 2017-2018 অর্থবছরে, MWBE-এর ব্যবহার 28.6 শতাংশে উন্নীত হয়েছে, যার মাধ্যমে MWBE-গুলো স্টেট ঠিকাদারি থেকে 2.5 বিলিয়ন ডলার আয় করেছে - এটি 2010-এর 10 শতাংশ ও 100 মিলিয়ন ডলার থেকে অনেক বেশি।

গভর্নর কুওমোর নের্তৃত্বে 2011 সাল থেকে 7,500-টি MWBE সনদ লাভ করেছে। নিউইয়র্ক স্টেট ডাইরেক্টরি অব সার্টিফায়েড ফার্মস (New York State Directory of Certified Firms)-এ বর্তমানে সনদপ্রাপ্ত 8,500-টিরও বেশি প্রতিষ্ঠান রয়েছে; এটি সর্বোচ্চ তালিকাভুক্ত MWBE প্রতিষ্ঠানগুলোর অন্যতম যারা কি-না দেশজুড়ে সরকারি ঠিকাদারি কাজে অংশ নিতে প্রস্তুত, ইচ্ছুক এবং কার্যসম্পাদনে সক্ষম।

2019 এক্সপো'র আঞ্চলিক সময়সূচি নিম্নে প্রদান করা হলো:

নিউ ইয়র্ক শহর

শুক্রবার, 7 জুন
নিউইয়র্ক সিটি কলেজ অব টেকনোলোজি (New York City College of Technology)
285 Jay Street
Brooklyn, NY 11201

সেন্ট্রাল নিউ ইয়র্ক
বৃহস্পতিবার, 27 জুন
ক্যায়ুগা কমিউনিটি কলেজ (Cayuga Community College)
197 Franklyn Street
Auburn, NY 13021

পশ্চিম নিউ ইয়র্ক
বৃহস্পতিবার, 25 জুলাই
ইউনিভার্সিটি অব বাফেলো (University of Buffalo)
শিক্ষাগত সুযোগের কেন্দ্র (Educational Opportunity Center)
555 Ellicott Street
Buffalo, NY 14203

আরও তথ্য এখানে রয়েছে।

###

অতিরিক্ত তথ্য পেতে দেখুন www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট । এক্সিকিউটিভ চেম্বার । press.office@exec.ny.gov । 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন